



মঙ্গলবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে আয়োজিত অনুষ্ঠানে দুই শিক্ষার্থীর হাতে মির্জা মোহাম্মদ আবদুল্লাহ ও বেগম বদরুননেসা স্মৃতি বৃত্তির চেক তুলে দেন উপাচার্য অধ্যাপক ড. আখতারুজ্জামান

মির্জা আবদুল্লাহ ও বেগম বদরুননেসা স্মৃতি বৃত্তি পেলেন ঢাবির ২ শিক্ষার্থী

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

পড়াশোনায় অসাধারণ সাফল্যের জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় ডিজিটাল ম্যানেজমেন্ট অ্যান্ড ভালনারেবিলিটি স্টাডিজ ইনস্টিটিউটের দুই মেধাবী শিক্ষার্থী 'মির্জা মোহাম্মদ আবদুল্লাহ ও বেগম বদরুননেসা স্মৃতি বৃত্তি' লাভ করেছেন। বৃত্তিপ্রাপ্তরা হলেন— মো. আবুল কালাম আজাদ ও মো. রবিউল ইসলাম। গতকাল মঙ্গলবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের নবাব নওয়াব আলী চৌধুরী সিনেট ভবনে এক অনুষ্ঠানে উপাচার্য অধ্যাপক ড. মো. আখতারুজ্জামান প্রধান অতিথি হিসেবে শিক্ষার্থীদের হাতে এ বৃত্তির চেক তুলে দেন।

বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. কামাল উদ্দীনের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক ড. মুহাম্মদ সামাদ, সামাজিক বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. সাদেকা হালিম, ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই

■ পৃষ্ঠা ১৫ : কলাম ৬

[তৃতীয় পৃষ্ঠার পর]

অ্যাসোসিয়েশনের সভাপতি এ. কে. আজাদ, ট্রাস্ট ফান্ডের দাতা অধ্যাপক ড. মাহবুবা নাসরীন, ট্রাস্টি বোর্ডের সদস্য ডা. মির্জা মো. আরিফুর রহমান প্রমুখ। ইনস্টিটিউটের সহকারী অধ্যাপক ড. দিলারা জাহিদ অনুষ্ঠান সঞ্চালন করেন।

উপাচার্য আখতারুজ্জামান বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের অভিনন্দন জানান। তিনি বলেন, সমৃদ্ধ বাংলাদেশ গড়ার ক্ষেত্রে শিক্ষার্থীদের অগ্রণী ভূমিকা পালন করতে হবে। নৈতিক ও মানবিক মূল্যবোধে উদ্বুদ্ধ হওয়ার জন্য তিনি শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান।

এ. কে. আজাদ বলেন, 'আমি যখন ঢাকা ইউনিভার্সিটি অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি হিসেবে দায়িত্ব নিই, তখনই বুঝতে পারি এখানে কত দরিদ্র ও অসচ্ছল পরিবারের শিক্ষার্থী পড়াশোনা করে। সভাপতি হওয়ার আগে এ কথা জানতাম না। এরপর আমাদের কমিটি আসার পর থেকে অসচ্ছল শিক্ষার্থীদের বৃত্তির ব্যবস্থা করি। এখন প্রায় ১২শ' শিক্ষার্থীকে বৃত্তি দেওয়া হচ্ছে। শিক্ষার্থীদের উদ্দেশে তিনি বলেন, 'তোমরা যখন পড়াশোনা শেষ করে এখান থেকে বের হবে তখন এ বিশ্ববিদ্যালয়কে ভুলবে না। তোমরাও প্রতিষ্ঠিত হয়ে এখানকার অসচ্ছল শিক্ষার্থীদের সহায়তা করবে, যাতে অর্থের অভাবে কোনো মেধাবী শিক্ষার্থীর পড়াশোনা বন্ধ না হয়ে যায়।'